# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 24-07-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য নির্বাচনী আধিকারিকের আলাদা দপ্তর করার যে নির্দেশ নির্বাচন কমিশন দিয়েছে, তা নিয়ে রাজ্য প্রশাসন আইনী পরামর্শ নিচ্ছে।

২) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ওপর নিগ্রহের অভিযোগ নিয়ে আলোচনার জন্য রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে।

৩) দিল্লীর রামলীলা ময়দানে অবস্থানরত রাজ্যের চাকরীহারা যোগ্য শিক্ষক শিক্ষা কর্মীরা আজ সেখানকার নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে এক গণ কনভেনশনের ডাক দিয়েছে।

৪) মেট্রো সম্প্রসারণের কাজের জন্য শহর কলকাতার নিকাশি ব্যবস্থার সমস্যা নিয়ে গতকাল রেল বিকাশ নিগম লিমিটেডের আধিকারিকদের সঙ্গে পুরসভার নিকাশি বিভাগের বৈঠক হয়েছে।

৫) মহানায়ক উত্তম কুমারের ৪৬ তম প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে আজ শহরজুড়ে একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে।

৬) নিম্নচাপের প্রভাবে আজ দক্ষিণ ২৪ পরগণা জেলায় ভারি থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি। মৎস্যজীবীদের নদী ও সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

---

রাজ্য নির্বাচনী আধিকারিকের আলাদা দপ্তর করার যে নির্দেশ নির্বাচন কমিশন দিয়েছে, তা নিয়ে রাজ্য প্রশাসন আইনী পরামর্শ নিচ্ছে। কিভাবে এই নির্দেশ ঠেকানো যায়, তা নিয়ে রাজ্য প্রশাসন আইনি বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করছে। পরামর্শ নিচ্ছে। নবান্নের এক উচ্চ পদস্থ আধিকারিক বলেন, নির্বাচনী আধিকারিকের আলাদা দপ্তর হলেও রাজ্য সরকারের অধীনেই থাকতে হবে। স্বরাষ্ট্র দপ্তরের অধীনে থাকলেও এর বাজেট বরাদ্দ হয় আলাদা করেই। তা হলে আলাদা দপ্তর করার কারণ কী? স্বাধীন হলেও নির্বাচন কমিশনকে অর্থ বরাদ্দ করে আইন ও বিচার মন্ত্রক । অন্য কোনও রাজ্যে এরকম আলাদা দপ্তর আছে বলে জানা নেই। এই নির্দেশের যৌক্তিকতা খুঁজে পাওয়া যাচ্ছে না। প্রশাসনের অন্দরে একটাই যুক্তি পাওয়া যাচ্ছে, তা হল মুখ্য নির্বাচনী আধিকারিককে স্বরাষ্ট্র সচিবের কাছে তার বিভাগের জন্য টাকা চাইতে হয়। মুখ্য নির্বাচনী আধিকারিক অতিরিক্ত মুখ্য সচিব পদমর্যাদার, আর স্বরাষ্ট্র সচিব সেই তুলনায় পদ মর্যাদায় জুনিয়র।

-----------------------

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের উপর রাজ্য সরকারের নিয়ন্ত্রণ অবশ্যম্ভাবী বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মনে করেন। সাংবাদিকের প্রশ্নের উত্তরে তিনি জানান, ওই দপ্তরের কর্মীদের রাজ্য সরকার নিয়োগ করে। অথচ দপ্তরের উপর রাজ্যের কোনও নিয়ন্ত্রণ থাকবে না—তা হতে পারে না।

(বাইট-বিমান)

-----------------------

ভোটের ডিউটি থেকে কর্মীদের অব্যাহতি দেওয়ার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে মধ্য শিক্ষা পর্ষদ। ভোটের কাজে বুথ লেভেল অফিসার

**নিযুক্ত করার জন্য মধ্যশিক্ষা পর্ষদের কর্মীদের সরাসরি চিঠি পাঠানো হচ্ছে বলে জানা গেছে। সামনেই এসএসসির নিয়োগ পরীক্ষা এবং ফেব্রুয়ারিতে মাধ্যমিক পরীক্ষা। এরই মধ্যে যদি নির্বাচনী দায়িত্ব এসে পড়ে, তা হলে সমস্যা হতে পারে বলে পর্ষদের আশঙ্কা। এছাড়াও কর্মী সঙ্কট রয়েছে। তাই তাঁদের সমস্ত কর্মীকে নির্বাচনী দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার অনুরোধ জানিয়েছে পর্ষদ।**

------------------------

বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের উপরে নিগ্রহের অভিযোগ নিয়ে আলোচনা করতে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে। আগামী ৮ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত বিধানসভার ওই বিশেষ অধিবেশন চলতে পারে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। পরিযায়ী শ্রমিক সংক্রান্ত প্রস্তাব ছাড়াও চারটি গুরুত্বপূর্ণ বিল ওই অধিবেশনে পেশ করা হতে পারে। পরিষদীয় দপ্তর এবং আইন দপ্তরের মধ্যে বিষয়টি নিয়ে আলোচনা চলছে। বিলগুলির খসড়া চূড়ান্ত হলে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় আনুষ্ঠানিকভাবে অধিবেশনের ঘোষণা করবেন।

এদিকে, বিজেপি অভিযোগ করেছে, বাংলাদেশের অনুপ্রবেশকারীরা এরাজ্যের পরিযায়ী শ্রমিকদের অধিকার কেড়ে নিচ্ছে। দলের রাজ্য সভাপতি, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য গতকাল দিল্লীতে সাংবাদিকদের প্রশ্নের উত্তের বলেন, অনুপ্রবেশকারীরা কোনো ভারতীয়ের অধিকার কেড়ে নেবে, বিজেপি তা হতে দেবে না।

বাইট শমীক

অন্যদিকে, যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে অগ্রাহ্য করে বিজেপি দেশের বৈচিত্র্য নষ্ট করতে চাইছে বলে সিপিআইএম অভিযোগ করেছে। দেশের বিভিন্ন প্রান্তে এরাজ্যের শ্রমিকদের অবৈধ অনুপ্রবেশকারী বলে হেনস্থার প্রতিবাদে সিপিআইএম, সিপিআই সহ বেশ

কয়েকটি বামপন্থী দল গতকাল ধর্মতলা থেকে রামলীলা পার্ক পর্যন্ত মিছিল করে। সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেন, যেসব রাজ্যে পরিযায়ী শ্রমিকরা আক্রান্ত হচ্ছেন, সেখানে রাজ্য সরকার যোগাযোগ করছে না।

বাইট সেলিম

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও হরিয়ানা বা অন্য রাজ্যের পুলিশ এরাজ্যে পরিযায়ী শ্রমিকদের সম্পর্কে তথ্য চাইলে রাজ্যের তা জানাতে সমস্যা কোথায় সেই প্রশ্ন তুলেছেন।

------------------------

ওড়িশায় এরাজ্যের কোনো পরিযায়ী শ্রমিককে গ্রেপ্তার করা হয়নি, শুধুমাত্র সন্দেহ নিরসনেই নথিপত্র যাচাই করা হয়েছিল বলে সে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল গতকাল কলকাতা হাইকোর্টে জানিয়েছেন। বাঙালী এবং পশ্চিমবঙ্গের প্রতি ওড়িশা সরকারের কোনো বিদ্বেষমূলক দৃষ্টিভঙ্গী নেই বলেও তিনি বিচারপতি তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে জানান। সওয়াল জবাব শেষে ডিভিশন বেঞ্চ আগামী তিন সপ্তাহের মধ্যে হলফনামা জমা দিয়ে তাদের বক্তব্য জানাতে ওড়িশা সরকারকে নির্দেশ দিয়েছে। আগামী ২৯ শে আগস্ট মামলার পরবর্তী শুনানি।

ওড়িশায় এরাজ্যে বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে আটক করার পর তাদের পরিবাররে লোকেরা আদালতের দ্বারস্থ হন।

------------------------

দিল্লির রামলীলা ময়দানে অবস্থান, ধর্না চালাচ্ছেন পশ্চিমবঙ্গের চাকরিহারা যোগ্য শিক্ষক, শিক্ষাকর্মীরা। এর পাশাপাশি আজ, বৃহস্পতিবার দিল্লির নাগরিক সমাজের

প্রতিনিধিদের সঙ্গে এক গণ কনভেনশনের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। চাকরিতে পুনর্বহালের দাবিতে এবং রাজ্য সরকারের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক দুর্নীতির অভিযোগে লিফলেট বিলি করেছেন তাঁরা। রাষ্ট্রপতি , প্রধানমন্ত্রী, লোকসভার অধ্যক্ষ এবং বিরোধী দলনেতাকে তাঁরা স্মারকলিপি দিতে চান।

------------------------

শিক্ষক নিয়োগ দুর্নীতিতে, CID –র মামলায় , কলকাতা হাইকোর্ট, মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণ্ময় গঙ্গোপাধ্যায়ের জামিন মঞ্জুর করেছে। এর আগে ইডির দায়ের করা মামলাতেও জামিন পেয়েছিলেন তিনি। তবে, CBI-এর মামলায় এখনো জেল হেফাজতে থাকায় এই মুহুর্তে কল্যাণময়ের জেলমুক্তি সম্ভব নয়।

এদিকে, নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত সুজয় কৃষ্ণ ভদ্রের অন্তর্বর্তী জামিনের সময়সীমা ৩১ শে জুলাই থেকে বাড়িয়ে ৩১ শে আগষ্ট পর্যন্ত করেছে কলকাতা হাইকোর্ট। মামলার পরবর্তী শুনানী ২১ শে আগষ্ট।

------------------------

মেট্রো সম্প্রসারণের কাজে শহর কলকাতার জল নিকাশী ব্যবস্থায় সমস্যা দেখা দিয়েছে। বেলেঘাটা খালের মাঝে মেট্রোর পিলার থাকায় জল বেরোতে অসুবিধা হওয়ার ফলে অল্প বৃষ্টিতেই জলমগ্ন হয়ে যাচ্ছে সংলগ্ন একাধিক ওয়ার্ড। সমস্যার সমাধানে গতকাল পুরসভার নিকাশী বিভাগের মেয়র পারিষদ তারক সিং খাল পরিদর্শনের পর রেল বিকাশ নিগম লিমিটেডের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর তথা মেয়র পারিষদ জীবন সাহা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকের পর তারক সিং জানান, মেট্রো রেলের পিলারের জন্য জল

বেরোতে সময় লাগছে। ফলে ৫৭ ও ৫৮ নম্বর ওয়ার্ড সবথেকে বেশি সমস্যার সম্মুখীন হচ্ছে।

বাইট

পরিস্থিতি সামাল দিতে সব রকম সাহায্য করা হবে বলে জানিয়েছে রেল বিকাশ নিগম লিমিটেড।

------------------------

মুর্শিদাবাদের ভরতপুরে গতরাতে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীদের ধারালো অস্ত্রের আঘাতে এক তৃণমূল কংগ্রেসের কর্মী খুন হয়েছেন।ষষ্ঠী ঘোষ নামে মৃত ওই তৃণমূল কর্মীর বাড়ি ভরতপুর থানার সেহালায় গ্রামে। ঘটনার পর ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে এলাকায়। মৃতের পরিবার এর দাবি, ভরতপুর-১ ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি নজরুল ইসলাম ওরফে টারজান ও স্থানীয় আলুগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রধানের অনুগামী ছিলেন নিহত ষষ্ঠী ঘোষ। দল করলেও ষষ্ঠী বাবুর জীবিকা ছিলো চাষবাস। গতকাল বিকেলে জমির মজুর খুঁজতে বাড়ি থেকে বেরোন তিনি, রাত ৮ টা নাগাদ বাইকে চড়ে বাড়ি ফিরছিলেন। পথে কুয়ে নদীর বাধের উপর বাইকে করে আসা দুষ্কৃতিদল তাকে ঘিরে ধরে এলোপাথাড়ি কুপিয়ে খুন করে এলাকা ছেড়ে পালায়। স্থানীয়রা ছুটে এসে ভরতপুর থানায় খবর দেন, পুলিশ এসে দেহ উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে পাঠালে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। ঘটনার তদন্ত নেমেছে ভরতপুর থানার পুলিশ।

------------------------

পূর্ব বর্ধমানের কাটোয়ায় বিস্ফোরণের ঘটনায় এনআইএ তদন্ত চাওয়ায় তৃণমূল কংগ্রেসের যুব নেতা শুভেন্দু দাসকে দল থেকে সাসপেন্ড করা হয়েছে। দলের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় গতকাল সাংবাদিক সম্মলন করে জানান, দলনেত্রী মমতা ব্যানার্জী এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে দল বিরোধী কাজের জন্য তাকে দল থেকে সারা জীবনের জন্য সাসপেন্ড করা হল।

উল্লেখ্য, শুভেন্দু দাস কায়োটার রাজুয়া গ্রামে বিস্ফোরণের এনআইএ তদন্ত চেয়ে সম্প্রতি হাইকোর্টের দ্বারস্থ্ হয়েছিলেন।

------------------------

ওড়িশায় এরাজ্যের কোনো পরিযায়ী শ্রমিককে গ্রেপ্তার করা হয়নি, শুধুমাত্র সন্দেহ নিরসনেই নথিপত্র যাচাই করা হয়েছিল বলে সে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল গতকাল কলকাতা হাইকোর্টে জানিয়েছেন। বাঙালী এবং পশ্চিমবঙ্গের প্রতি ওড়িশা সরকারের কোনো বিদ্বেষমূলক দৃষ্টিভঙ্গী নেই বলেও তিনি বিচারপতি তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে জানান। সওয়াল জবাব শেষে ডিভিশন বেঞ্চ আগামী তিন সপ্তাহের মধ্যে হলফনামা জমা দিয়ে তাদের বক্তব্য জানাতে ওড়িশা সরকারকে নির্দেশ দিয়েছে। আগামী ২৯ শে আগস্ট মামলার পরবর্তী শুনানি।

ওড়িশায় এরাজ্যে বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে আটক করার পর তাদের পরিবাররে লোকেরা আদালতের দ্বারস্থ্ হন।

------------------------

মহানায়ক উত্তম কুমারের ৪৬ তম প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে আজ শহরজুড়ে একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে। সকালে টালিগঞ্জে মহানায়কের মূর্তির

পাদদেশে শিল্পী সংসদ আয়োজিত অনুষ্ঠানে শ্রদ্ধা জানাতে উপস্থিত থাকবেন চলচ্চিত্র ও সংগীত জগতের বিশিষ্টদের সঙ্গে কলাকুশলী ও অগণিত সাধারণ মানুষ। বিকেলে ধনধান্য প্রেক্ষাগৃহে রাজ্য সরকার আয়োজিত অনুষ্ঠানে চলচ্চিত্রে বিশেষ অবদানের জন্য মহানায়ক সম্মান - প্রাপকদের হাতে তুলে দেবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। আজ থেকে এ মাসের ৩১ তারিখ পর্যন্ত দুস্থ শিল্পীদের সাহায্যার্থে শিল্পী সংসদ ও নন্দন কর্তৃপক্ষ উত্তম চলচ্চিত্র উৎসবের আয়োজন করেছে। সন্ধ্যায় উত্তম মঞ্চে এক অনুষ্ঠানে শিল্পী সংসদের পক্ষ থেকে অভিনেত্রী শকুন্তলা বড়ুয়ার হাতে মহানায়ক সম্মান তুলে দেওয়া হবে।

------------------------

রাজ্যে ফের নিম্নচাপের ভ্রুকুটি। এর প্রভাবে আজ দক্ষিণ ২৪ পরগনা জেলা জুড়ে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সঙ্গে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা বাতাস বইবে। উত্তাল থাকবে নদী এবং সমুদ্র। জেলায় জারি করা হয়েছে কমলা সর্তকতা। আজ থেকে মৎস্যজীবীদের সমুদ্র ও নদীতে যেতে নিষেধ করা হয়েছে।

------------------------ ------------------------